

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 12-08-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Har Ghar Tiranga-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে রাজ্যভিত্তিক তিরঙ্গা র্যালির উদ্বোধন করবেন। বিকাল ৪টায় তিরঙ্গা র্যালি উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিভ্রমণ করে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এসে শেষ হবে। বিকাল সাড়ে ৪টায় রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হবে তিরঙ্গা কনসার্ট ও রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে তিরঙ্গা মেলা। মেলা চলবে ১৩ আগস্ট পর্যন্ত।

\*\*\*\*\*

**90 Years of Akashvani :**

আকাশবাণীর অতিরিক্ত মহানির্দেশক আশিস ভাটনাগর আকাশবাণীর ঐতিহ্যের ধারাকে দায়িত্বের সঙ্গে যথাযথভাবে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল আকাশবাণীর ৯০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে আকাশবাণী আগরতলা কেন্দ্রের উদ্যোগে আগরতলার সুকান্ত একাডেমীতে আয়োজিত সম্মিত সন্ধ্যায় তিনি একথা বলেন। তিনি বলেন আকাশবাণীর এই ৯০ বছরের যাত্রা শ্রোতাদের ভালোবাসা, শিল্পীদের নিষ্ঠা এবং কর্মীদের পরিশ্রমে সমৃদ্ধ হয়েছে।

##### Byte-ADG #####

উদ্বোধনী অনুষ্ঠানে ওড়িশা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, আকাশবাণীর ঐতিহ্য, বিশেষ করে বহুবছর আগে থেকেই আকাশবাণী আগরতলা কেন্দ্রের তথ্য নিষ্ঠ সংবাদের জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতার কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের কেন্দ্র প্রধান বি চরকপল্লী। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন

আকাশবাণী আগরতলা কেন্দ্রের কার্যক্রম প্রধান জয়শ্রী দেববর্মা। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগের সহ অধিকর্তা কুণাল শিন্দে। অনুষ্ঠানে রেইজ অ্যাপ তৈরির জন্য আকাশবাণী আগরতলা কেন্দ্রের ইঞ্জিনিয়ার অরুণ রায় বর্মণ, অরিন্দম পাল ও শুভ্রজিত দেবরায়কে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন সুশোভন ভট্টাচার্য এবং পারমিতা রিয়াং। আনন্দধারা ও সাংগ্রাম গোষ্ঠীর শিল্পীরা নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*

### **Courtsey Meet :**

ভারতে নিযুক্ত কোরিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত এইচ ই সিওং-হো-লি এর নেতৃত্বে ৩ জনের এক প্রতিনিধি দল গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী বলেন, দক্ষিণ কোরিয়ার সঙ্গে ভারতের সুসম্পর্ক রয়েছে। ত্রিপুরার সঙ্গে দক্ষিণ কোরিয়ার বাণিজ্যিক সম্পর্ক স্থাপন হলে এই সম্পর্ক আরও সুদৃঢ় হবে। কোরিয়ার রাষ্ট্রদূত ত্রিপুরার লোকসংস্কৃতি, শিল্প সম্ভাবনা, পর্যটন, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদির বিষয়ে অবগত হন।

\*\*\*\*\*

### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একুশ শতকের ভারত তার দায়িত্বপালনে উন্নয়নের প্রতি অঙ্গীকারবদ্ধ। গতকাল নতুন দিল্লির বাবা খড়ক সিং মার্গে সাংসদদের জন্য ১৮৪টি নতুন টাইপ সেভেন বহুতলের উদ্বোধন করে তিনি বলেন, বিভিন্ন রাজ্যের সাংসদরা ওই বাসভবনগুলিতে একসঙ্গে থাকেন, যা এক ভারত শ্রেষ্ঠ ভারতের ঐক্যের প্রতীক।

##### Byte-PM #####

শ্রী মোদী বলেন, সংসদের সব সদস্যরা একটি টিম হিসেবে একসঙ্গে সকলে কাজ করবেন এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় দেশসেবা করবেন।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga-Rangoli :**

৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল থেকে বের হবে তিরঙা র্যালি। এ বিষয়ে জোলাইবাড়ি ব্লকের বিডিও নবরত দত্ত জানান সন্ধ্যায় বাইথোড়া কমিউনিটি হলের সামনে হবে দুই দিনের তিরঙা মেলা।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga-CM Flag :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের গান্ধীঘাটে বাড়ি বাড়ি গিয়ে নাগরিকদের হাতে জাতীয় পতাকা তুলে দেন। তাছাড়া পুর নিগমের ১১ নম্বর ওয়ার্ড এলাকায় বাড়ি বাড়ি গিয়ে জাতীয় পতাকা তুলে দেন বিজেপি প্রদেশ সহ সভানেত্রী পাপিয়া দত্ত। কর্পোরেটর অভিষেক দত্ত আগরতলার প্রগতি স্কুলে সি.আর.পি.এফ জওয়ানদের মধ্যে জাতীয় পতাকা বিতরণ করেন।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga- Khowai :**

খোয়াই তুলাশিখর ব্লকের উদ্যোগে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অংশ হিসেবে গতকাল সীতেশ স্মৃতি কমিউনিটি হলে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনা সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়। সভা শেষে ভারত সর্দার উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও স্থানীয় জনগণ এক তিরঙ্গা র্যালিতে অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### **First Division :**

টি এফ এ পরিচালিত চন্দ্রস্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নাইন বুলেটস ক্লাব ১-০ গোলে কল্যাণ সমিতিকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*